

সম্পাদকীয় ১

এবার দৃষ্টি অনেক উঁচুতে

একটা বছর অতিক্রান্ত হল। প্রাথমিক যাত্রা সুখপ্রদ ছিল না, আর সেটাই স্বাভাবিক। নতুন মাধ্যম পরিকল্পনা করা এবং সেই নতুনকে তিলে তিলে গড়ে তোলা সত্যিই কঠিন। তবে এই কঠিনকে আমরা জয় করেছি। সাকুল্যে এখন এক বছর বয়স হল বা. বি. জা. -এর। আর নতুন বলি কী করে? প্রাথমিক পর্যায়ে প্রয়োজন ছিল নির্দিষ্ট নিয়মে গবেষণাপত্র লেখা ও ব্যক্তিগত উদ্যোগে বাংলায় ঠিকমতো যন্ত্রস্থ করা। কাজটা দক্ষতার সাথে করা গেছে। এখন দৃষ্টান্ত প্রস্তুত। এবার পরবর্তী ধাপের প্রস্তুতি নিতে হবে।

প্রথমেই গবেষণাপত্রের মানোন্নয়ন ঘটাতে হবে। আরও মৌলিক গবেষণাপত্র চাই। যথেষ্ট সংখ্যক রচনার অভাবে ও প্রাথমিক দৃষ্টান্ত স্থাপনের জন্য রিভিউ ও সম্পাদনা করলেও কোথাও মানের সাথে একটা সমঝোতা করা হয়েছে। দু'দিক বন্ধ রিভিউ পদ্ধতি খুব কড়াকড়ি ভাবে প্রয়োগ করা যায়নি। এখন থেকে কোনো সমঝোতা ছাড়াই প্রতিটি রচনা দুইজন বিষয় রিভিউয়ার ও একজন ভাষা রিভিউয়ার কর্তৃক দু'দিক বন্ধ রিভিউ পদ্ধতিতে যাচাই করে প্রকাশ করা হবে।

বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রের দিকনির্দেশক গবেষণাপত্র গুলোর ধারাবাহিক বাংলা

অনুবাদ প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হবে। অনেকের সক্রিয় সহযোগিতা ছাড়া এতবড় কাজ করা সত্যিই কঠিন। প্রতিটি সংখ্যাতেই একজন করে বিখ্যাত বিজ্ঞানীর জীবন ও তাঁর কাজকর্মের পর্যালোচনা রাখার চেষ্টা করতে হবে।

বিজ্ঞানের ইতিহাস ও বিজ্ঞানের দর্শন -কেও এই জার্নালের আওতাভুক্ত করা হল। ভবিষ্যতে বিজ্ঞানকে দিশা দেখানোর জন্য বিজ্ঞানভিত্তিক ভবিষ্যৎ পরিকল্পনার অন্তর্ভুক্তি বা. বি. জা. কে নতুন মাত্রা দেবে। ভবিষ্যৎ বিজ্ঞানের পরিকল্পনা সম্পূর্ণ বিজ্ঞানভিত্তিক উপায়ে করতে হবে। এই যুক্তিতে ব্যাখ্যা সহ কল্প-বিজ্ঞাননির্ভর সাহিত্যও এই জার্নালের বিবেচ্য। বিজ্ঞানসংক্রান্ত পত্র, বিজ্ঞানভিত্তিক যে-কোনো প্রকারের সাহিত্য, বিজ্ঞানভিত্তিক চিত্র, বাস্তব বা কাল্পনিক বৈজ্ঞানিক মডেল, কার্টুন বা অন্য কোনও বিজ্ঞানভিত্তিক সৃষ্টি বা. বি. জা. তে প্রকাশ করা যাবে।

গবেষণাপত্রে ব্যবহৃত নতুন পরিভাষা (ইংরেজি থেকে অনূদিত বা অন্য) ও স্বাধীন ভাবে সৃষ্ট পরিভাষা সমূহ আলাদা করে প্রকাশের ব্যবস্থা থাকবে। বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার প্রতি সে'টা নিজেই এক বিশেষ শ্রদ্ধার্ঘ্য। সর্বোপরি বাংলা বানানের ক্ষেত্রে কোথাও একটা মান্যতার প্রশ্ন আসে। এক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসরণ করা হচ্ছে ও হবে।

কালক্রমে বাংলা বিজ্ঞান জার্নাল এক গুরুত্বপূর্ণ মাধ্যম হয়ে উঠবে এই বিশ্বাস আমাদের আছে।

